

ড. সুলতানা শফি ও ২৭ ছাত্রীর বিরুদ্ধে হত্যা চেষ্টা মামলা

নিজস্ব বার্তা পরিবেশক
শামসুন্নাহার হলের ২শ' ৩৫ নম্বর কক্ষের
বহিরাগত ছাত্রদল নেত্রীদের পুলিশ
প্রোফতার না করলেও ড. সুলতানা শফি
ও ২৭ জন ছাত্রীর বিরুদ্ধে রমনা থানায়
হত্যা চেষ্টা ও চুরির মামলা দায়ের
হয়েছে। মঙ্গলবার মধ্যরাতে পুলিশি
অভিযান শুরু আগেই এ মামলা
দায়েরের সময় দেখান হয়েছে। মামলার
বাদি ওই হলেরই ছাত্রী জান্নাতুল কানন।
সেও ২শ' ৩৫ নম্বর কক্ষের বাসিন্দা।
মামলার অভিযোগ করা হয়েছে,
মঙ্গলবার রাতে ড. সুলতানা শফির
নেতৃত্বে ওই ছাত্রীরা ২শ' ৩৫ নম্বর কক্ষে
হামলা চালায়। তারা কক্ষের সবকিছু
ডাঙচুর করে এবং কক্ষের বাসিন্দাদের
হত্যার হুমকি দেয়। তারা ওই কক্ষের

লুটির ড্রয়ার থেকে ১০ হাজার টাকা,
শান্তার ড্রয়ার থেকে ৮ হাজার টাকা এবং
কাননের একটি সোনার আংটি নিয়ে
যায়, যার দাম ১৬শ' টাকা। রমনা থানা
জানায়, মঙ্গলবার রাত ১২টার আগে
মামলা দায়ের হয়, নম্বর ১০১। রমনা
থানার ওসি জানান, ওই মামলার
মামলা নং পূঃ ২ কঃ ৮

মামলা ৪ হত্যা

(১২-৫৪ পৃষ্ঠার পর)

ডিক্রিতেই শামসুন্নাহার হলের ছাত্রীদের
উপরে নির্দেশে পুলিশ থানায় নিয়ে
গেছে।
উল্লেখ্য, এজাহারে উল্লিখিত লুটি ও
শান্তা যাদের মোট ১৮ হাজার টাকা চুরি
হয়েছে, তার, বহিরাগত, ১৯৯৩ সালে
তারা বিশ্ববিদ্যালয় থেকে পাশ করেছে।
তবুও অবৈধভাবে তারা হলে অবস্থান
করছে। লুটি হল ছাত্রদলের সভাপতি
এবং শান্তা সেক্রেটারি। ছাত্রীরা জানায়,
মামলার বাদি কাননকে লুটিই হলে
তুলেছে। অন্যদিকে শামসুন্নাহার হলে
ছাত্রদল নেত্রী সুমি ও শান্তার নেতৃত্বে
ইউসেন কলেজের বহিরাগত ছাত্রদল
নেতা-কর্মী অবস্থান করছে। গতকাল
পকালে তাদের হলের গেট আগলতে
দেখা যায়, বিকেল সাড়ে ৩টার
বহিরাগত লুটি ও শান্তাসহ ছাত্রদল
নেত্রীরা ভিসি'র পক্ষে অবস্থান করছিল।